

বাংলাদেশ ভ্রমণে যুক্তরাষ্ট্রের সতর্কবার্তা

বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশে চলমান নাগরিক অস্থিরতা, অপরাধ ও সন্ত্রাসবাদের ঝুঁকির কারণে ভ্রমণের পরিকল্পনা পুনর্বিবেচনার পরামর্শ দিয়েছে ইউএস স্টেট *৫-এর পৃষ্ঠায় দেখুন*

এস্টোরিয়ায় পুলিশের গুলিতে 'মানসিক অসুস্থ' ব্যক্তি নিহত

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির কুইন্স বরোর এস্টোরিয়ায় পুলিশের গুলিতে 'অস্বাভাবিক আচরণ' করা মানসিকভাবে অসুস্থ এক ব্যক্তি নিহত হয়েছেন। সোমবার সকাল সাড়ে ৬টার দিকে স্থানীয় ৩১ স্ট্রীট ও ৩০ এভিনিউর এন ও ডব্লিউ টেন সাবওয়ে স্টেশনের কাছে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীদের বরাদ দিয়ে পুলিশ জানায়, ঘটনার সময় মানসিকভাবে অসুস্থ ব্যক্তিটি একটি ১৪ ইঞ্চি ছুরি হাতে নিয়ে অস্বাভাবিক আচরণ করছিলো। এসময় *৫-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 29 / April 21, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৯ ॥ সোমবার, বৈশাখ ৮, ১৪৩২ ॥ শাওয়াল ২২, ১৪৪৬

তিন মাসে ডিপোর্টেশনের শিকার ৩১ বাংলাদেশি

বিশেষ প্রতিনিধিঃ প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন অভিবাসন বিরোধী গণ ডিপোর্টেশনের আওতায় কয়েক দফায় ২০ এপ্রিল রোববার পর্যন্ত ৩১ বাংলাদেশি নাগরিককে ফেরত পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। পুলিশের বিশেষ শাখা (এসবি) ও বিমানবন্দরের ইমিগ্রেশন সূত্রে এ তথ্য নিশ্চত হওয়া গেছে। সর্বশেষ শনিবার একটি চার্টার্ড ফ্লাইটে পাঁচজন বাংলাদেশীকে ফেরত পাঠানো হয়েছে।

কয়েক দফায় যুক্তরাষ্ট্র থেকে গণ ডিপোর্টেশনের শিকার বাংলাদেশিদের মধ্যে ৩০ জন পুরুষ ও একজন নারী রয়েছেন।

ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতি

- ফেরত আসা ব্যক্তিদের মধ্যে ৩০ পুরুষ, একজন নারী
- বিশেষ নিরাপত্তায় পাঠানো হয়েছে তিনজনকে
- কাউকে হাতকড়া পরানো হয়নি
- কত বাংলাদেশিকে ফেরত পাঠানো হবে, সে সংখ্যা জানা যায়নি

অভিবাসন-সংক্রান্ত মামলায় হেরে যাওয়ার পরও যুক্তরাষ্ট্রে অবস্থান করছিলেন এবং বিভিন্ন মামলায় সাজা হয়েছে এমন ব্যক্তিদেরই ফেরত পাঠানো হয়েছে বলে সূত্র জানিয়েছে।

ঢাকায় যাদের পাঠানো হয়েছে, তাদের মধ্যে তিনজনকে বিশেষ নিরাপত্তাসহ পৌঁছে দিয়ে গেছেন যুক্তরাষ্ট্রের বিশেষ নিরাপত্তা বিভাগের কর্মীরা। বাকি বাংলাদেশিদের সাধারণ যাত্রীর মতো পাঠানো হয়েছে। সর্বশেষ গত শনিবার দুপুরে একটি চার্টার্ড ফ্লাইটে ঢাকায় পাঠানো হয়েছে পাঁচ বাংলাদেশিকে। *৬-এর পৃষ্ঠায় দেখুন*

বিভিন্ন দেশে পাচারকৃত অর্থ ফেরত নিতে লো ফার্ম নিয়োগ দেয়া হবে

–নিউইয়র্কে বাংলাদেশ ব্যাংকের গভর্ণর ড.আহসান এইচ মনসুর

বাংলাদেশ থেকে বিভিন্ন সময়ে পাচারকৃত অর্থ বিদেশ থেকে দেশে ফেরত নিতে লো ফার্ম এজেন্সীকে নিয়োগ দেয়া হবে। ওইসব লো ফার্ম পাচারকৃত অর্থ ফেরত আইনী প্রক্রিয়ায় কাজ করবে বলে জানান নিউইয়র্ক সফররত *১৮-এর পৃষ্ঠায় দেখুন*



যুক্তরাষ্ট্রে জন্মসূত্রে নাগরিকত্ব

সুপ্রিম কোর্টে শুনানী ১৫ মে

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শপথ গ্রহণের পরপরই অভিবাসনবিরোধী একাধিক নির্বাহী আদেশ জারী করেছিলেন। এর মধ্যে যুক্তরাষ্ট্রে জন্মসূত্রে নাগরিকত্ব বন্ধে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন। এ আদেশ সংবিধানের ১৪ তম সংশোধনীতে প্রতিষ্ঠিত একটি অধিকার লঙ্ঘন করে, যা যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী যে কেউ এদেশের নাগরিকত্বের অধিকার পান। ট্রাম্পের সেই আদেশ যুক্তরাষ্ট্রের একাধিক ষ্টেটের ফেডারেল আদালতের বিচারকরা স্থগিত করে দেন। বিষয়টি শেষ পর্যন্ত সুপ্রিম পর্যন্ত গড়ায়। সুপ্রিম কোর্ট *৫-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্প প্রশানের একাধিক 'অভিবাসী ডিপোর্ট প্রক্রিয়া' আদালতে স্থগিত!

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের অভিবাসী বিতাড়নে একাধিক নির্বাহী আদেশ ও পরিকল্পনা আদালতের নির্দেশে সাময়িক স্থগিতাদেশে আটকে যাচ্ছে। যদিও এসব স্থগিতাদেশের পরও একের পর এক পরিকল্পনা ও নীতির মাধ্যমে অবৈধ অভিবাসীদের ডিপোর্টেশন প্রক্রিয়া বাস্তবায়নে কঠোর অবস্থানে রয়েছেন ট্রাম্প প্রশাসন। ইতিমধ্যে 'এলিয়েন এনিমিজ অ্যাক্ট'



প্রয়োগে যুক্তরাষ্ট্র থেকে ভেনিজুয়েলান নাগরিকদের বিতাড়ন ও এক দেশের নাগরিকদের তৃতীয় দেশে ডিপোর্টেশন কার্যক্রম এবং প্রক্রিয়া সাময়িক স্থগিতাদেশ দিয়েছেন আদালতের বিচারকগণ।

শনিবার ১৭৯৮ সালের যুদ্ধকালীন আইনের অধীনে 'এলিয়েন এনিমিজ অ্যাক্ট' উত্তর টেক্সসে আটক ভেনিজুয়েলান নাগরিকদের *৭-এর পৃষ্ঠায় দেখুন*

জ্যামাইকায় বাংলাদেশীর বাড়ীতে অগ্নিকান্ডে ৩ জনের মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির কুইন্সের জ্যামাইকায় একটি বাড়ীতে রোববার রাতে এক ভয়াবহ অগ্নিকান্ডে তিনজনের মৃত্যু এবং আরও চারজন আহত হয়েছেন। আহতদের মধ্যে একজন ফায়ার ডিপার্টমেন্টের কর্মীও রয়েছেন। এই ঘটনায় বাড়ীর মালিক মিসবাহ মাহমুদ নিজেও গুরুতর আহত হয়েছেন। তিনি ব্রঙ্কসের জ্যাকোবী হাসপাতাল সেন্টারে আইসিউতে চিকিৎসাধীন রয়েছেন। তাঁর অবস্থা আশঙ্কাজনক। নিহতদের



৫-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

মায়ের পিস্তল দিয়ে বিশ্ববিদ্যালয়ে গুলি চালাল তরুণ, নিহত ২

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা স্টেট ইউনিভার্সিটিতে বৃহস্পতিবার বন্দুকধারীর গুলিতে দুজন নিহত এবং ছয়জন আহত হয়েছেন। নিহতরা শিক্ষার্থী নয় বলে জানিয়েছে পুলিশ। ওই তরুণ লিওন কাউন্টির ডেপুটি শেরীফের ছেলে, তাকে পুলিশ আটক করেছে।

জানা গেছে। বন্দুকধারী ওই তরুণ ফনিক্স ইকনার স্থানীয় লিওন কাউন্টির ডেপুটি শেরীফের ছেলে। পুলিশ তাকে আটক করেছে। জানা গেছে, ফনিক্স ইকনার তার মায়ের ব্যবহৃত হ্যান্ডগান দিয়ে ফ্লোরিডা স্টেট ইউনিভার্সিটি ক্যাম্পাসে গুলাগুলি শুরু করে।

তালাহাসি লিওন কাউন্টির শেরিফ *১২-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com



Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ট্রাম্পের শুল্কযুদ্ধে চীন থেকে যুক্তরাষ্ট্রে ফেরত গেল বোয়িংয়ের উড়োজাহাজ

বাংলা পত্রিকা ডেস্ক: চীনের আকাশসেবা সংস্থার জন্য বানানো নতুন একটি বোয়িং উড়োজাহাজ গতকাল শনিবার যুক্তরাষ্ট্রে উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠানটির ঘরে ফিরে এসেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আমলে যুক্তরাষ্ট্র আর চীনের পাল্টাপাল্টি শুল্ক আরোপ ও চলমান বাণিজ্যযুদ্ধের শিকার হয়ে উড়োজাহাজটিকে ফিরতে হলো।

প্রত্যক্ষদর্শীর বরাতে রয়টার্সের খবর, বোয়িংয়ের ৭৩৭ ম্যাক্স মডেলের যাত্রীবাহী উড়োজাহাজটি যুক্তরাষ্ট্রের সিয়াটলে স্থানীয় সময় শনিবার সন্ধ্যা ৬টা ১১ মিনিটে প্রতিষ্ঠানটির অবতরণক্ষেত্রে নেমেছে। উড়োজাহাজটি চীনা আকাশসেবা প্রতিষ্ঠান জিয়ামিনএয়ারের জন্য বানানো হয়েছিল। সেটার গায়ে জিয়ামিনএয়ারের নাম লেখা ও তকমা রয়েছে।

প্রায় ৫ হাজার মাইলের (৮ হাজার কিলোমিটার) ফিরতি যাত্রায় উড়োজাহাজটি গুয়াম ও হাওয়াইয়ে জ্বালানি নেওয়ার জন্য থেমেছিল। চীনা প্রতিষ্ঠানটিতে সরবরাহের জন্য চীনে বোয়িংয়ের ঝৌশান কেন্দ্রে শেষ কাজ হতে থাকা কয়েকটি ৭৩৭ ম্যাক্স মডেলের উড়োজাহাজের মধ্যে এটি একটি।

এ মাসে ৬-এর পৃষ্ঠায় দেখুন



শেখ হাসিনা, শেখ রেহানা, সজীব ওয়াজেদ জয়, সায়মা ওয়াজেদ পুতুল, রাদওয়ান মুজিব সিদ্দিক ও তারিক আহমেদ সিদ্দিক। *ফাইল ছবি*

শেখ হাসিনা ও তাঁর পরিবারের সদস্যদের এনআইডি 'লক'

বাংলা পত্রিকা ডেস্ক: শেখ হাসিনাসহ তাঁর পরিবারের সদস্যদের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) লক বা অবরুদ্ধ করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর ফলে তাঁদের এনআইডি যাচাই করে সেবা নেওয়ার পথ রুদ্ধ হলো। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে।

গত ফেব্রুয়ারিতে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক এ এস এম হুমায়ুন কবীর এই নির্দেশনা দেওয়ার পর তাঁদের এনআইডি লক করা হয়। প্রবাসে এনআইডি নিবন্ধন নিয়ে অস্ট্রেলিয়া সফরে রয়েছেন এনআইডি উইং ডিজি।

শেখ হাসিনা ছাড়া সজীব আহমেদ ওয়াজেদ, সায়মা ওয়াজেদ, রেহানা সিদ্দিক, টিউলিপ রিজওয়ানা সিদ্দিক, আজমিনা সিদ্দিক, শাহিন সিদ্দিক, বুশরা সিদ্দিক, রাদওয়ান মুজিব সিদ্দিক, তারিক আহমেদ সিদ্দিকসহ অন্যদের এনআইডি লক করা হয়েছে বলে জানা গেছে।

এনআইডি উইংয়ের সিস্টেম ম্যানেজার মুহাম্মদ আশরাফ হোসেন আজকের পত্রিকাকে বলেন, এনআইডি লক করা হলে ভোটারের তথ্য যেমন যাচাই করা সম্ভব নয়, তেমনি কোনোভাবেই এনআইডি তথ্য এডিট করাও সম্ভব হবে না।

আশরাফ ১২-এর পৃষ্ঠায় দেখুন

এস আলমের আরও ২,৬১৯ কোটি টাকা অবরুদ্ধের নির্দেশ

নিজস্ব প্রতিবেদক, ঢাকা : এস আলম গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ সাইফুল আলম ও তাঁর স্বার্থসংশ্লিষ্টদের নামে থাকা ১ হাজার ৩৬০টি ব্যাংক হিসাব অবরুদ্ধের নির্দেশ দেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার ঢাকা মহানগর দায়রা জজ ও সিনিয়র বিশেষ জজ আদালতের বিচারক মো. জাকির হোসেন এই নির্দেশ দেন।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত এই আদেশ দেন বলে দুদকের জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম জানান। দুদকের উপপরিচালক তাহাসিন মুনাবীল হক এই আবেদন করেন। শুনানি শেষে আদালত আবেদন মঞ্জুর করেন।

দুদকের আবেদন অনুযায়ী সাহস্রাধিক ব্যাংক হিসেবে ২ হাজার ৬১৯ কোটি ৭ লাখ ১৬ হাজার টাকা রয়েছে।

আবেদনে বলা হয়েছে, মোহাম্মদ সাইফুল আলম ও তাঁর স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে মানি লন্ডারিং সংগঠনের অভিযোগ অনুসন্ধানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য একটি যৌথ অনুসন্ধান ও তদন্ত টিম গঠন করা হয়েছে।

অনুসন্ধানকালে বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায়, মোহাম্মদ সাইফুল আলমের স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিরা ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসির বিভিন্ন শাখার বিভিন্ন ১২-এর পৃষ্ঠায় দেখুন



নিউইয়র্কস্থ কমিউনিটি সংগঠক আবুল কালামের পুত্র তাহসিন কালামের নিকাহ সম্পন্ন







নিউইয়র্ক: নিউইয়র্কস্থ প্রবাসী কমিউনিটি সংগঠক ও বিশিষ্ট ব্যবসায়ী এবং জালালাবাদ এসোসিয়েশনের সাবেক নির্বাচন কমিশনার ও উপদেষ্টা আবুল কালাম এবং সালেমা কালাম দম্পতির প্রথম পুত্র তাহসিন কালামের সাথে মো. আজিজুর রহমান চৌধুরী ও রেবেকা সুলাতানা চৌধুরী দম্পতির কন্যা আমিনা চৌধুরীর নিকাহ সম্পন্ন হয়েছে। রোববার জ্যামাইকার হলিসের মসজিদ এশা ইবনে মরিয়মে এ নিকাহ সম্পন্ন হয়েছে। এতে দুইপক্ষের পারিবারিক সদস্যসহ কমিউনিটির বিশিষ্টজনরা উপস্থিত ছিলেন। পরিবারের পক্ষ থেকে নব দম্পতির জন্য দোয়া কামনা করা হয়েছে।





একসিডেন্ট ও ইনজুরি কেইসেস

অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত

আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.





SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases

Call us:

718-482-7766, 917-562-1368

প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে

পরামর্শের জন্য ফি লাগে না



Free Consultation



কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:

- গাড়ী দুর্ঘটনা
- বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়াবিলিটি
- খেলার মাঠে দুর্ঘটনা
- বার্থ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali

718-482-7766

917-562-1368

alimd@surdezlaw.com

alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401

Astoria, NY 11103

www.surdezperezlaw.com

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নির্বাচনের সময়সূচি নিয়ে অসন্তুষ্টি

ডিসেম্বরের মধ্যে নির্বাচনের নির্দিষ্ট রোডম্যাপের প্রত্যাশা নিয়ে বিএনপির একটি প্রতিনিধিদল প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক করেছে ১৬ এপ্রিল। বৈঠক শেষে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাংবাদিকদের বলেছেন, 'আমরা একেবারেই সন্তুষ্ট নই।' আবার আইন উপদেষ্টা বলেছেন, 'যখন আলোচনা শেষ হয়েছে, আমার কাছে ওনাদের দেখে খুশি লেগেছে। মনে হয়েছে, ওনাদের মনে যে প্রশ্ন ছিল, তার অনেকগুলোর উত্তর ওনারা পেয়েছেন। আমার কাছে এটা মনে হয়েছে। ফখরুল ভাইয়ের কাছে অন্য রকম মনে হতে পারে।'

এটা স্পষ্ট যে দুই পক্ষের 'মনে হওয়া'টাও দুই রকম। আলোচনা শেষে দুই পক্ষ একমত না হতে পারলে তাকে সফল আলোচনা বলা যায় না। বিএনপি ডিসেম্বরের মধ্যেই নির্বাচন চায় এবং তারা মনে করে, এর বাইরে যেকোনো সময়সূচি রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সংকটকে আরও ঘনীভূত করতে পারে।

এখানে একটি মৌলিক দ্বন্দ্ব স্পষ্ট: নির্দিষ্ট সময় না জানানোকে বিএনপি 'অস্পষ্টতা' হিসেবে দেখছে, যেখানে সরকারের ভাষ্য হচ্ছে, একটি গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনের ক্ষেত্রে কেবল সময় নয়, বরং রাজনৈতিক আস্থা ফিরিয়ে আনাও একটি জরুরি বিষয়।

বিএনপির ভাষায়, নির্বাচন বিলম্বিত হলে যে পরিস্থিতির সৃষ্টি হবে, তা নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়বে। এই বক্তব্যের পেছনে আছে একটি বাস্তব উপলব্ধি-দেশের রাজনৈতিক পরিস্থিতি এখন খুব স্বাভাবিক নেই। বিএনপি সম্ভবত মনে করছে, দীর্ঘসূত্রতা একদিকে প্রশাসনের অনিশ্চয়তা বাড়াবে, অন্যদিকে জনগণের প্রত্যাশা এবং আগ্রহেও ছেদ পড়বে। তদুপরি, অর্থনৈতিক মন্দা, সামাজিক উত্তেজনা ও আন্তর্জাতিক পর্যবেক্ষকদের উদ্বেগ মিলিয়ে বিষয়টি আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

প্রধান উপদেষ্টার বক্তব্যে দৃশ্যত একধরনের ভারসাম্য রক্ষা করার চেষ্টা আছে, যেখানে সময়কে নমনীয় রেখে সম্ভবত বিভিন্ন পক্ষকে সন্তুষ্ট করার কৌশল অবলম্বন করা হচ্ছে। কিন্তু এই ভারসাম্য যদি দ্ব্যর্থবোধকতার রূপ নেয়, তবে তা আস্থাহীনতা তৈরি করতে বাধ্য। বিশেষত যখন প্রধান রাজনৈতিক দলগুলোর মধ্যে সুস্পষ্ট দ্বন্দ্ব ও মতানৈক্য বিদ্যমান, তখন সময় নির্ধারণে দৃষ্টান্তমূলক স্বচ্ছতা ও অঙ্গীকার প্রয়োজন।

আইন উপদেষ্টা আসিফ নজরুল স্পষ্ট করেই বলেছেন, নির্বাচন কোনো অবস্থাতেই জুন অতিক্রম করবে না। তিনি জানিয়েছেন, ডিসেম্বর থেকে জুন সময়সীমা কোনো বিলম্বের ইঙ্গিত নয় বরং এটি পরিস্থিতি ও প্রস্তুতির ওপর নির্ভরশীল একটি সময়সীমা। তিনি এটাও বলেন, বিএনপি সংস্কার প্রস্তাব নিয়ে ইতিবাচক মনোভাব দেখিয়েছে, যা রাজনৈতিক সমঝোতার জন্য একটি খোলামেলা পথ তৈরি করে দেয়।

সরকার তথা প্রধান উপদেষ্টার উচিত হবে একটি নির্দিষ্ট, সুস্পষ্ট এবং আনুষ্ঠানিক নির্বাচনী রোডম্যাপ জাতির সামনে উপস্থাপন করা, যাতে সময়সূচি, প্রস্তুতি, অংশগ্রহণের নিশ্চয়তা এবং নিরপেক্ষতার প্রতিশ্রুতি স্পষ্টভাবে উঠে আসে। আর বিএনপিসহ অন্যান্য রাজনৈতিক দলের উচিত হবে এই প্রক্রিয়াকে যৌক্তিক ও বাস্তবভিত্তিক উপায়ে এগিয়ে নেওয়া, যাতে কোনোভাবেই জেদ বা প্রচ্ছন্ন হুমকি রাজনৈতিক পরিবেশকে আরও বিষিয়ে না তোলে।

অন্তর্বর্তী সরকারকে প্রতিদ্বন্দ্বী ভেবে রাজনীতিকদের কী লাভ?



শেখ নাহিদ নিয়াজী

অবাক হওয়ার ব্যাপার রাজনীতিকরা কেউ কেউ অন্তর্বর্তী সরকারকে প্রতিদ্বন্দ্বী ভাবতে শুরু করেছেন! এমনকি কোনো কোনো রাজনৈতিক দল গণঅভ্যুত্থান-পরবর্তী অন্তর্বর্তী সরকারকে এখন 'অনির্বাচিত' আখ্যা দিচ্ছে। যদিও নাগরিকদের বড় অংশ এই সরকারের ওপরেই আস্থা রাখছে। নাগরিকদের ধারণা জন্মেছে, সংসদ নির্বাচনের মাধ্যমে যে রাজনৈতিক দল রাষ্ট্র পরিচালনায় আসবে, রাষ্ট্র সংস্কারে তাদের ইচ্ছা বা সক্ষমতার ঘাটতি আছে। রাজনৈতিক দলগুলোর ভেতরেও গণতান্ত্রিক চর্চার অভাব প্রকট। যদিও রাজনৈতিক দলগুলো এর কারণ খোঁজায় খুব আগ্রহী বলে মনে হচ্ছে না।

আওয়ামী লীগবিহীন রাজনৈতিক পরিবেশে বর্তমানে বিএনপির ভালো অবস্থানে থাকার কথা। কিন্তু তারা দৃশ্যত চাপের মধ্যে। এমনকি নতুন রাজনৈতিক দল এনসিপিও মানুষের একচেটিয়া সমর্থন পাচ্ছে, বলা যাবে না। তার মানে, বিভিন্ন রাজনৈতিক দলের নির্দিষ্ট সমর্থক গোষ্ঠী ছাড়া সাধারণ নাগরিকরা রাজনীতিবিদদের ওপর আস্থা রাখতে পারছে



সারির নেতাদের রাষ্ট্র গঠন নিয়ে সুনির্দিষ্ট রাজনৈতিক ভাবনা শোনা যায় না। এমনকি বিএনপির ৩১ দফাও নিজ দলের মধ্যে আলোচনায় আসছে না সেভাবে। আবার সরকারের বিভিন্ন কমিশনের প্রস্তাবিত সংস্কার প্রশ্নে অনেক জরুরি বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হতে পারছে না। এটি কয়েক দশকে দেখেনি। তাই তারা এখন তুলনা করতে পারছে।

আমি প্রায় প্রতিদিন শিক্ষার্থী ও সাধারণ মানুষের সঙ্গে কথা বলি। জনসাধারণের সঙ্গে কথা বললে বোঝা যায়, জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে এত প্রাণহানির পর মানুষ আর পেশিশক্তিনির্ভর, সন্ত্রাসনির্ভর, চাঁদাবাজিনির্ভর রাজনীতি দেখতে চায় না। তারা সন্ত্রাসী, চাটুকার পরিবেষ্টিত রাজনীতিবিদদের গলাবাজি শুনতে চায় না। তারা দেখতে চায় শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি, অর্থনীতিতে গতি, বাজারের স্থিতিশীল অবস্থা, ব্যাংকে লুটপাট বন্ধ, ব্যবসা-বাণিজ্যে গতিশীলতা।

প্রথমদিকে স্থবিরতা থাকলেও অর্থনীতি আস্তে আস্তে ঘুরে দাঁড়াচ্ছে; বিদেশি বিনিয়োগ ইতিবাচকভাবে বৃদ্ধির আভাস পাওয়া যাচ্ছে। বর্তমান সরকার ভারত, পাকিস্তান, চীন, যুক্তরাষ্ট্র, রাশিয়ার সঙ্গে যে কৌশলী কূটনীতি চালিয়ে যাচ্ছে, সেটাও গণমানুষের মধ্যে আশার সঞ্চার করেছে। গণঅভ্যুত্থান-পরবর্তী নতুন পরিস্থিতিতে রাজনীতিবিদদের উচিত ছিল পুরোনো রাজনীতি ঝেড়ে ফেলে নতুন রাজনীতির ক্যারিশমা দেখানো। কিন্তু সেই প্রজ্ঞা, সদিচ্ছা, প্রচেষ্টা দেখা যায়নি; টেকসই

> রাজনৈতিক দলগুলো রাজনীতিতে গুণগত সংস্কার আনতে না পারলে দলীয় কর্মী-সমর্থকের বাইরে সাধারণ নাগরিকদের সমর্থন কমতে থাকবে। রাজনৈতিক দলগুলোতে এখনও সেকেলে ধাঁচের ব্যক্তি-তোষণ, চাঁদাবাজি ও সন্ত্রাসনির্ভর রাজনীতি চালু আছে। এ অবস্থা থেকে উত্তরণের একমাত্র পথ হলো অভ্যন্তরীণ সংস্কার। দলের ভেতরে গণতান্ত্রিক চর্চা নিশ্চিত করতে হবে। নেতাকর্মীর বক্তব্যে সুস্থ ধারার রাজনীতির ছাপ থাকতে হবে। তারা ভবিষ্যতের বাংলাদেশকে কীভাবে 'কল্যাণ রাষ্ট্র' হিসেবে গড়ে তুলতে চান.....



না। বিপরীতে অন্তর্বর্তী সরকারের প্রতি নাগরিকদের আস্থা ক্রমে বাড়ছে। এটা স্পষ্ট, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকলে অন্তর্বর্তী সরকারের ওপর মানুষের আস্থা আরও বাড়তে থাকবে। অন্যদিকে প্রধান রাজনৈতিক দলগুলো রাজনীতিতে গুণগত সংস্কার আনতে না পারলে দলীয় কর্মী-সমর্থকের বাইরে সাধারণ নাগরিকদের সমর্থন কমতে থাকবে। রাজনৈতিক দলগুলোতে এখনও সেকেলে ধাঁচের ব্যক্তি-তোষণ, চাঁদাবাজি ও সন্ত্রাসনির্ভর রাজনীতি চালু আছে। এ অবস্থা থেকে উত্তরণের একমাত্র পথ হলো অভ্যন্তরীণ সংস্কার। দলের ভেতরে গণতান্ত্রিক চর্চা নিশ্চিত করতে হবে। নেতাকর্মীর বক্তব্যে সুস্থ ধারার রাজনীতির ছাপ থাকতে হবে। তারা ভবিষ্যতের বাংলাদেশকে কীভাবে 'কল্যাণ রাষ্ট্র' হিসেবে গড়ে তুলতে চান, তা পরিষ্কার করে বলতে হবে। রাজনীতির প্যাটার্নই বদলাতে হবে।

বস্তুত পুরোনো রাজনৈতিক দলের নেতারা এখনও নব্বই দশকের রাজনীতি করছেন। তাদের বয়ানের মধ্যে কোনো নতুনত্ব নেই। তাদের বক্তব্য সচেতন নাগরিকরাও সেভাবে শুনছেন না। বিএনপি বা জামায়াতের প্রথম রাজনৈতিক দলগুলোর ব্যর্থতাই বটে। তরুণ প্রজন্মের কাছে এই রাজনীতি কোনো আকর্ষণ তৈরি করছে না।

গণঅভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশে সবাই আশা করেছিল, রাজনৈতিক সংস্কৃতিতে গুণগত পরিবর্তন আসবে। সেটি আসেনি। সাধারণ মানুষ যে কারণে হতাশ। তারা এক রাজনৈতিক দলের বদলে আরেক রাজনৈতিক দলের চাঁদাবাজি ও লুটপাট দেখতে চায় না। মানুষের মধ্যে নতুন চাওয়া তৈরি হয়েছে। তারা আর রাজনৈতিক হানাহানি, মারামারি দেখতে চায় না। তাই নাগরিকদের অনেকেই এখন রাজনৈতিক দলের নেতৃত্বে গঠিত সরকার বনাম অরাজনৈতিক অন্তর্বর্তী সরকারের মধ্যে তুলনা করছে। এই তুলনা অবশ্যই রাজনৈতিক নেতৃত্বের ধারাবাহিক ব্যর্থতারই ফল!

বিপরীত দিকে অন্তর্বর্তী সরকারের কাজ, কথা, শরীরী-ভাষা, বিবৃতি, অফুরন্ত কর্মস্পৃহা মানুষের মধ্যে, শিক্ষিত তরুণদের মধ্যে ব্যাপক আশার সঞ্চার করেছে। বিশেষত বর্তমান প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বের প্রতি আস্থা ক্রমে বাড়ছে। কারণ, তারা এ রকম উজ্জ্বল নেতৃত্ব গত গণতান্ত্রিক রাষ্ট্র গঠন করার ব্যাপারে কর্মস্পৃহা দেখা যায় না।

প্রশ্ন হচ্ছে, অন্তর্বর্তী সরকার কি অনন্তকাল থাকবে? সেটা কেউ চাইবে না; জাতীয় নির্বাচন অবশ্যই হবে। তার আগে রাষ্ট্র কাঠামোর ভেতরে এবং শাসন ব্যবস্থায় জরুরি মৌলিক সংস্কার করতেই হবে। গণঅভ্যুত্থান সেই ম্যান্ডেট এই সরকারকে দিয়েছে।

পরিবর্তিত পরিস্থিতিতে রাজনীতিকদের নিজের কোয়ালিটি বাড়াতে হবে, যদি তারা টিকে থাকতে চান। দলের মধ্যে ইতিবাচক সংস্কার করতেই হবে। এখনও সেকেলে ধাঁচের রাজনীতি থেকে বের হতে না পারলে এবং জবাবদিহিমূলক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠায় একনিষ্ঠ হয়ে কাজ না করলে সুষ্ঠুভাবে রাষ্ট্র পরিচালনা করা যাবে না। আর অন্তর্বর্তী সরকারকে প্রতিদ্বন্দ্বী ভেবে বসে থেকে বিশেষ কোনো ফায়দা নেই।

শেখ নাহিদ নিয়াজী: সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ, স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ
nahidneazy@yahoo.com

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
banglapatrikausa@gmail.com

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন:
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

রেজিস্ট্রেশন নিয়ে দুশ্চিন্তায় অভিবাসীরা

শেষ পৃষ্ঠায় পর আমেরিকা কর্তৃক চিহ্নিত সন্ত্রাসবাদী সংগঠনগুলির সমর্থনের অভিযোগ এবং ইহুদি বিদ্বেষী অভিযোগ আনা হয়। এছাড়াও লঘু অপরাধেও ভিসা বাতিলের শিকার হচ্ছেন শিক্ষার্থীরা।

গত ১ মাসে যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তর হাজারের বেশি আন্তর্জাতিক শিক্ষার্থীদের ভিসা বাতিল করেছে। এতে তবে এসব ভিসা বাতিলের সুনির্দিষ্ট কারণ অনেক বিশ্ববিদ্যালয়ই জানেনা। যেসব শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে তাদের অবিলম্বে দেশ ছেড়ে চলে যেতে হবে কিনা তা স্পষ্ট নয়।

এদিকে ভিসা বাতিলের ঘটনায় শিক্ষার্থী সহ ১৩৩ জন বিদেশী নাগরিক আটলান্টার উত্তর জর্জিয়ার জেলা আদালতে মামলা করেছেন। এতে অ্যাটর্নি জেনারেল পাম বন্ডী, হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম এবং ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টের ভারপ্রাপ্ত পরিচালক টড লিওনসকে অভিযুক্ত করা হয়েছে। তবে এ মামলায় আক্রোশের শিকার না হন সেজন্য বাদিদের প্রকৃত নামের বদলে ছদ্মনামে চিহ্নিত করা হয়ছে।

মামলাটিতে বলা হয়েছে, যে আইস হঠাৎ করে গ্রেপ্তার চালায় যা যুক্তরাষ্ট্রে বিদেশী শিক্ষার্থীদের আইনি মর্যাদা ক্ষুণ্ন করেছে। প্রশাসন মূলত আন্তর্জাতিক শিক্ষার্থী এবং দেশে তাদের অবস্থান সম্পর্কিত তথ্য বজায় রাখার জন্য ডিপার্টমেন্ট হোমল্যান্ড সিকিউরিটি দ্বারা ব্যবহৃত স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর ইনফরমেশন সিস্টেম (এসইভিআইএস) থেকে শিক্ষার্থীদের সরিয়ে তাদের মর্যাদা বাতিল করেছে।

সিএনএন ও লসএঞ্জেলসের প্রতিবেদন থেকে জানা যায়, ট্রাম্প প্রশাসন অভিবাসী দমন-পীড়নের অংশ হিসাবে দেশের শতাধিক বিশ্ববিদ্যালয়ের শত শত শিক্ষার্থীর ভিসা বাতিল করেছে। তবে এসব ভিসা বাতিলের সুনির্দিষ্ট কারণ অনেক বিশ্ববিদ্যালয়ই জানেনা।

বিশ্ববিদ্যালয়ের বিবৃতি এবং মুখপাত্রদের বরাত দিয়ে সিএনএন বলছে, যুক্তরাষ্ট্রের ১৩০ টিরও বেশি বিদ্যালয়ের এক হাজারেরও বেশি আন্তর্জাতিক শিক্ষার্থী এবং সাম্প্রতিক স্নাতকদের এই বছর স্টুডেন্ট অ্যান্ড এক্সচেঞ্জ ভিজিটর ইনফরমেশন সিস্টেমে তাদের ভিসা বা স্ট্যাটাস বাতিল করা হয়েছে। ৪০টি রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলি তাদের শিক্ষার্থীদের ভিসা এবং স্ট্যাটাস সমাপ্তির বিষয়টি নিশ্চিত করেছে।

মিডল টেনেসি স্টেট বিশ্ববিদ্যালয়ের মুখপাত্র জিমি হার্ট জানিয়েছেন, মিডল টেনেসি স্টেট ইউনিভার্সিটিতে এশিয়া, ইউরোপ এবং মধ্যপ্রাচ্যের ছয়জন শিক্ষার্থীর ভিসা বাতিল করা হয়েছে। বিশ্ববিদ্যালয় ভিসা স্ট্যাটাস পরিবর্তনের নির্দিষ্ট কারণ জানে না।

বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের বিবৃতিতে বলা হয়েছে যে সরকার তার পদক্ষেপের কারণ জানায়নি। বেশিরভাগ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলি ব্যবস্থাটি যাচাই করে ভিসা প্রত্যাহারের বিষয়টি নিশ্চিত করে। কয়েকটি বিশ্ববিদ্যালয় বলেছে যে তারা জানে কেন তাদের শিক্ষার্থীদের ভিসা বা সেভিস অ্যাকাউন্ট বাতিল করা হয়েছে।

ওরেগন বিশ্ববিদ্যালয়ের মুখপাত্র এরিক হাওয়াল্ড বলেন, 'অনির্দিষ্ট ফৌজদারি অভিযোগের ভিত্তিতে গত কয়েক সপ্তাহে হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ ইউওতে চারজন আন্তর্জাতিক শিক্ষার্থীর ভিসার মর্যাদা বাতিল করেছে। বিশ্ববিদ্যালয়কে আগে থেকে জানানো হয়নি এবং ফৌজদারি অভিযোগের প্রকৃতি সম্পর্কে বিস্তারিত জানানো হয়নি। অপরদিকে যুক্তরাষ্ট্রে অবস্থানরত অবৈধ ও বৈধ অভিবাসী রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিয়ে বিভ্রান্তি ও শঙ্কা তৈরী হয়েছে অভিবাসন প্রত্যাশীদেরও মধ্যে। ট্রাম্প প্রশাসন এলিয়েন রেজিস্ট্রেশন অ্যাক্ট এর অধীনে অবৈধ অভিবাসী রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরুর ঘোষণা দেয়া হয়। ১১ এপ্রিল থেকে চালু হয় রেজিস্ট্রেশন প্রক্রিয়া। রেজিস্ট্রেশন বাধ্যতামূলকের পর দুশ্চিন্তায় দিন কাটছে লাখ লাখ অভিবাসীদের। এই নিবন্ধন করলে একজনের ব্যক্তিগত সকল তথ্য সরকারের কাছে জমা পড়বে। এ নিবন্ধন করলেই যে কেউ যুক্তরাষ্ট্রে নিরাপদে থাকতে পারবেন তেমন কোন নিশ্চয়তাও দেওয়া হয়নি। এটি কেবল একটি আইনি বাধ্যবাধকতা পূরণ করার প্রক্রিয়া। এমন পরিস্থিতিতে নিবন্ধন করা বা না করাই দুটোই যেন বিপদ। এতে অভিবাসীদের যেকোন মুহূর্তেই ট্র্যাক বা আটক করতে পারবে আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। অপরদিকে নিবন্ধন না করলে ৬ মাসের জেল এবং ৫ হাজার ডলার পর্যন্ত জরিমানার বিধান করা হয়েছে।

সংশ্লিষ্টদের আশঙ্কা, এই নিবন্ধন কোনোভাবেই বৈধ বসবাসের অনুমতি প্রদান করে না। বরং ফর্মে দেওয়া তথ্যের ভিত্তিতে অভিবাসন বিভাগ সংশ্লিষ্ট ব্যক্তিদের অবস্থান নির্ধারণ করে গ্রেপ্তার ও ডিপোর্ট করার কাজ শুরু করতে পারে। নিবন্ধনে বসবাসের ঠিকানা, অভিবাসন অবস্থা সকল তথ্য দিতে হয়। যা ভবিষ্যতে তাদের বিরুদ্ধে ব্যবহৃত হতে পারে।

ইমিগ্রেশন বিশেষজ্ঞরা বলছেন, অনেক অভিবাসী হয়তো নিজের অজান্তেই ইতোমধ্যে নিবন্ধিত আছেন। যেমন, যারা গ্রিন কার্ড, কাজের অনুমতিপত্র, আই-৯৪ অথবা ইমিগ্রেশন কোর্টের নোটিশ পেয়েছেন। তারা আইনত নিবন্ধিত হিসেবে বিবেচিত হন এবং নতুন করে এই ফর্ম পূরণের দরকার নেই।

ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি জানিয়েছে, এই আইনের আওতায় ১৮ বছরের বেশি বয়সী অভিবাসীদের যাদের কোন বৈধ নিবন্ধন নেই তারা সরকার নির্ধারিত ফর্ম পূরণ করে নিবন্ধন করতে হবে। এছাড়া অভিবাসী কেউ ঠিকানা পরিবর্তন করলে ১০ দিনের মধ্যে তা জানাতে হবে। অন্যথায় উচ্চ জরিমানা কিংবা কারাদণ্ডের মুখোমুখি হতে হতে পারেন তারা।

বৈধ ভিসায় যারা যুক্তরাষ্ট্রে এসেছেন, যেমন বি১/বি২, এইচওয়ান ভিসায়। তাদের এদেশে ৩০ দিনের বেশি অবস্থান করলে নিবন্ধন করতে হবে। যদি কেউ নিবন্ধন করতে ব্যর্থ হন, তাহলে যুক্তরাষ্ট্র ত্যাগের চূড়ান্ত নির্দেশ পাওয়ার পর প্রতিদিনের জন্য ৯৯৮ ডলার করে জরিমানা দিতে হবে।

আর যদি কোনো বিদেশি নাগরিক যুক্তরাষ্ট্র ত্যাগ করবে এমন ঘোষণা দেওয়ার পরও তা না করেন, তাহলে তাকে ১ হাজার থেকে ৫ হাজার ডলার জরিমানা দিতে হবে। এমনকি ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে বৈধভাবে অভিবাসনের ক্ষেত্রে তাদের আজীবনের জন্য নিষিদ্ধ করতে পারে যুক্তরাষ্ট্র সরকার।

নিবন্ধনের জন 'জি-৩২৫আর' নামের একটি ফর্ম চালু করা হয়েছে। যার মাধ্যমে অনিবন্ধিত বিদেশিরা অনলাইনে আবেদন করে বায়োমেট্রিক তথ্য জমা দিতে পারবেন। যদিও গ্রিন কার্ডধারী বা বৈধ ভিসার মাধ্যমে যুক্তরাষ্ট্রে অবস্থানরত অভিবাসীরা ইতোমধ্যে নিবন্ধিত বলে বিবেচিত হবেন। তবে তাদেরও সব সময় বৈধ পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। প্রশাসনের মতে, এটি দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করার অংশ হিসেবে কার্যকর করা হচ্ছে।

হোমল্যান্ড সিকিউরিটির সেক্রেটারী ক্রিস্টি নোয়েম বলেন, ১৮ বছরের উর্ধ্বে সব অভিবাসীর উচিত তাদের বৈধ অবস্থানের প্রমাণ সব সময় সঙ্গে রাখা। কেউ যদি নিয়ম লঙ্ঘন করেন, তাহলে তার জন্য এই দেশে কোনো নিরাপদ স্থান থাকবে না।

এস্টোরিয়ায় পুলিশের

প্রথম পৃষ্ঠার পর পথচারীদের তিনটি ফোন পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ঐ ব্যক্তিকে ছুরিটি ফেলে দেয়ার নির্দেশ দেয়। তাতে ব্যক্তিটি সাড়া না দেওয়ায় পুলিশ টেজার ব্যবহার করে এবং ব্যবহৃত একাধিক টেজার যা অকার্যকর ছিল বলে নিউইয়র্ক পুলিশ বিভাগের প্রধান জন চেল সংবাদ সম্মেলনে জানান। পুলিশ প্রধান বলেন, এক পর্যায়ে লোকটি পুলিশ অফিসারদের দিকে ঝাঁপিয়ে পড়ে এবং তারা আত্মরক্ষা করতে বাধ্য হয়ে গুলি করে। মারাত্মক গুলিবিদ্ধ লোকটিকে সাথে সাথে এলমহার্স্ট হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

পুলিশ জানিয়েছে, ৬১ বছর বয়সী এশিয়ান পুরুষ হিসেবে চিহ্নিত ওই ব্যক্তির নিউইয়র্ক পুলিশ বিভাগের সাথে মানসিক ব্যাধি সম্পর্কিত দুটি ঘটনা ঘটেছে। এই ঘটনায় কোন পুলিশ আহত হয়নি।

জ্যামাইকায় বাংলাদেশীর বাড়ীতে অগ্নিকান্ডে ৩ জনের মৃত্যু

প্রথম পৃষ্ঠার পর নাম পরিচয় জানায়নি কর্তৃপক্ষ।



এফডিএনওয়াই ও এনওয়াইপিডি পুলিশ জানায়, ইস্টার সানডের শুরুতেই রাত ১টা ৪০ মিনিটে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে। স্থানীয় ৮৭-২৫ শেভি চেজ স্ট্রিটে অগ্নিকান্ডের সাথে সাথে ৯১১-এ খবর পেয়ে অগ্নিনির্বাপক দল ঘটনাস্থলে পৌছে এবং আগুন নিয়ন্ত্রনে আনে। মৃত তিন পুরুষের বয়স ৪৫, ৫২ ও ৬৭ বছর। তাদের নাম পরচিয় প্রকাশ করা হয়নি। আহতদের মধ্যে ৩জনকে স্থানীয় জ্যামাইকা হসপিটাল সেন্টারে এবং অপর একজনকে কুইন্স হসপিটাল সেন্টারে ভর্তি করা হয়েছে। ওই বাড়িতে বাংলাদেশীসহ বিভিন্ন দেশের কয়েকজন বসবাস করে আসছেন। প্রাথমিকভাকে ইলেকট্রিক শর্ট সার্কিটে এ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে বলে জানা গেছে। ঘটনার তদন্ত চলছে।

সুপ্রিম কোর্টে শুনানী ১৫ মে

প্রথম পৃষ্ঠার পর বৃহস্পতিবার বলেছে যে, জন্মগত নাগরিকত্বকে সীমাবদ্ধ করার জন্য তার নির্বাহী আদেশের বিষয়ে ডোনাল্ড ট্রাম্পের আবেদনের মৌখিক শুনানী হবে আগামী ১৫ মে। ওই তারিখ পর্যন্ত জন্মসূত্রে নাগরিকত্ব সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের বিষয় স্থগিত রাখতে বলেন আদালত। বৃহস্পতিবার আদালতে ট্রাম্পের পক্ষে যুক্তিতে তার প্রশাসনের প্রতিনিধিত্বকারী জেনারেল জন সওয়ার বলেন, এই আইনটি অবৈধ অভিবাসন ও যুক্তরাষ্ট্রে সন্তান জন্ম দানের জন্য আগত পর্যটকদেরকে উৎসাহিত করে।

বাংলাদেশ ভ্রমণে যুক্তরাষ্ট্রের সতর্কবার্তা

প্রথম পৃষ্ঠার পর ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্র নিজের দেশের নাগরিকদের বাংলাদেশে ভ্রমণের ক্ষেত্রে লেভেল-৩ বা ত্রিস্তরীয় সতর্কবার্তা জারি করেছে। কোনো দেশে ভ্রমণের বিষয়ে যুক্তরাষ্ট্র যখন এমন ত্রিস্তরীয় সতর্কবার্তা বা নির্দেশ জারি করে, তখন এর অর্থ হলো ভ্রমণ সম্পর্কে পুনর্বিবেচনা করা উচিত। ভ্রমণ না করা যদি একান্তই সম্ভব না হয়, তবেই যাওয়া উচিত।

এ ছাড়া বাংলাদেশের চট্টগ্রাম পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে লেভেল-৪ বা একটি চতুর্স্তরীয় সতর্কবার্তা জারি করেছে। যার অর্থ হলো সেখানে ইউএস নাগরিকদের ভ্রমণ সম্পূর্ণ নিষিদ্ধ। কিছু এলাকায় ঝুঁকি আরও বেশি।

যুক্তরাষ্ট্রের এ ধরনের সতর্কবার্তা জারি করে পররাষ্ট্র দপ্তরের কনস্যুলার অ্যাফেয়ার্স ব্যুরো। জারি করা সর্বশেষ সতর্কবার্তায় বলা হয়েছে, '২০২৪ সালে অন্তর্বর্তী সরকার গঠনের পর থেকে বাংলাদেশে নাগরিক অস্থিরতা ও সংঘর্ষ উল্লেখযোগ্যভাবে কমেছে। কিন্তু দেশের বিভিন্ন স্থানে মাঝেমধ্যে বিক্ষোভ ও সংঘর্ষের সম্ভাবনাও তৈরি হয়েছে। পরিস্থিতি যেকোনো সময় পরিবর্তিত হতে পারে। তাই মার্কিন নাগরিকদের শান্তিপূর্ণ জমায়েত থেকেও দূরে থাকা উচিত। কারণ, সামান্য বা কোনো পূর্ব সতর্কবার্তা ছাড়াই সেগুলো সহিংস হয়ে উঠতে পারে।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্সসহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

ট্রাম্পের শুল্কযুদ্ধে চীন থেকে যুক্তরাষ্ট্রে ফেরত গেল বোয়িংয়ের উড়োজাহাজ



২-এর পৃষ্ঠায় পর চীনের পণ্যের ওপর ১৪৫ শতাংশ আমদানি শুল্ক আরোপ করেন ট্রাম্প। এর জবাবে চীনের পক্ষ থেকে মার্কিন পণ্যে আরোপ করা হয় ১২৫ শতাংশ আমদানি শুল্ক। উড়োজাহাজ পরিবহনবিষয়ক পরামর্শদাতা সংস্থা আইবিএ জানিয়েছে, ৭৩৭ ম্যাক্স মডেলের নতুন একটি উড়োজাহাজের বাজারমূল্য প্রায় ৫ কোটি ৫০ লাখ ডলার। এর শুল্ক চীনা উড়োজাহাজ সংস্থাকে পঙ্গু করে দেওয়ার মতো।

তবে কোন পক্ষের সিদ্ধান্তে উড়োজাহাজটি যুক্তরাষ্ট্রে ফিরল, সেটা নিশ্চিত নয়। বোয়িংয়ের পক্ষ থেকে এ বিষয়ে কিছু জানানো হয়নি। জানতে চেয়ে যোগাযোগ করলে জিয়ামিনএয়ারও কোনো জবাব দেয়নি। আকাশযানশিল্পটি কয়েক দশক ধরে শুল্কমুক্ত অবস্থায় ছিল। পাল্টাপাল্টি শুল্কের জেরে পরিবর্তিত পরিস্থিতিতে এখন এটা নতুন উড়োজাহাজ সরবরাহে বিঘ্ন ঘটার সর্বশেষ লক্ষণ।

বিশ্লেষকেরা বলছেন, শুল্ক পরিবর্তন নিয়ে বিভ্রান্তি অনেক ক্ষেত্রে উড়োজাহাজ সরবরাহকে স্থবির করে দিতে পারে। বেশ কিছু উড়োজাহাজ সংস্থার প্রধান নির্বাহী কর্মকর্তারা (সিইও) বলেছেন, তাঁরা বাড়তি শুল্ক দেওয়ার বদলে বরং আপাতত উড়োজাহাজ সরবরাহ স্থগিত রাখবেন।

তিন মাসে ডিপোর্টেশনের শিকার ৩১ বাংলাদেশি

প্রথম পৃষ্ঠার পর ফ্লাইটটি একই ধরনের যাত্রী নিয়ে নেপাল হয়ে বাংলাদেশে আসে।

নোয়াখালীর শাহাদত হোসেন, গত ৯ মার্চ তাঁকে ফেরত পাঠানো হয়। বিমান খরচ যুক্তরাষ্ট্র সরকার বহন করেছে। শাহাদত হোসেন বলেন, 'তারা আমাকে এমিরেটস এয়ারওয়েজের একটি ফ্লাইটে তুলে দিয়েছিল। কোনো অসম্মানজনক আচরণ করেনি। হাতকড়া পরানো বা বাজে কোনো ব্যবহার করেনি। আমি সাধারণ যাত্রীর মতো এসেছি।'

শাহাদত যুক্তরাষ্ট্রে সাধারণ অ্যাসাইলাম চেয়েছিলেন। তা মঞ্জুর না হওয়ায় তাঁকে ফেরত পাঠানো হয়। তিনি ৯ মাস আগে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে যান।

পুলিশের বিশেষ শাখার একজন উচ্চপদস্থ কর্মকর্তা বলেন, বাংলাদেশি কাউকে হাতকড়া পরানো হয়নি বলে মনে করেন এই কর্মকর্তা। অনেক দেশের নাগরিকদের ফেরত পাঠাতে সামরিক বিমান ব্যবহার করা হয়েছে। বাংলাদেশিদের সাধারণ ও চার্টার্ড বিমানে পাঠানো হয়েছে বলেও জানান তিনি।

জানতে চাইলে ওই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত এক কর্মকর্তা বলেন, যুক্তরাষ্ট্রে কত বাংলাদেশি অবৈধ হয়ে পড়েছেন, তার কোনো সুনির্দিষ্ট সংখ্যা এখনও জানতে পারেনি সরকার। কেউ অবৈধ হিসেবে চিহ্নিত হলে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে চূড়ান্ত ব্যবস্থা নেওয়া হয়। এমন নাগরিকদের তথ্য যুক্তরাষ্ট্রে বাংলাদেশ দূতাবাসকে জানায় তারা। এর পর সেই তথ্য পাঠানো হয় বাংলাদেশে। পুলিশের বিশেষ শাখা তাদের নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করে। আর যে কয়েক দফায় ৩১ জনকে দেশে পাঠানো হয়েছে, প্রতিবারই আগে থেকে তা বাংলাদেশের সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করা হয়েছে। শাহজালাল বিমানবন্দরে বাংলাদেশি কর্তৃপক্ষের কাছে যথাযথ প্রক্রিয়ায় তাদের হস্তান্তর করা হয়। ইমিগ্রেশনের কাজ শেষে রেজিস্টারে তাদের নাম লিপিবদ্ধ করে বাড়ি পাঠানো হয়েছে।

একাধিক সূত্র বলছে, ঢাকায় যুক্তরাষ্ট্রের দূতাবাস আগেই বাংলাদেশ সরকারকে অবৈধ হয়ে পড়া লোকজনকে ফেরত পাঠানোর বিষয়টি অবহিত করেছে। এ নিয়ে সরকারকে কূটনৈতিক পত্র দেওয়া হয়।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, গত সপ্তাহেও ঢাকায় পুলিশের বিশেষ শাখার সঙ্গে যুক্তরাষ্ট্রের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বৈঠক হয়। গত শনিবার যে পাঁচ বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছিল, তাদের বিষয়ে আগেই বাংলাদেশকে অবহিত করা হয়। চার্টার্ড ফ্লাইটে ওই পাঁচজনের বুধবার ঢাকায় পৌঁছার কথা ছিল। বিশেষ কারণে তাতে দু'দিন বিলম্ব হয়। ফেরত আসা এই পাঁচজনের মধ্যে দু'জন নোয়াখালীর বাসিন্দা। বাকি তিনজনের বাড়ি কুমিল্লা, চট্টগ্রাম ও সিলেটে।

২০ জানুয়ারি ডোনাল্ড ট্রাম্প শপথ গ্রহণের পর ২৯ জানুয়ারি নির্বাহী আদেশে যুক্তরাষ্ট্রে অবৈধভাবে অবস্থানকারীদের নিজ দেশে ফেরত পাঠানোর কাজ শুরু হয়। এতে অন্যান্য দেশের মতো বাংলাদেশি অভিবাসীদের মধ্যে এক ধরনের উৎকণ্ঠা তৈরি হয়। বাংলাদেশিদের ফেরত পাঠানোর তথ্য এই প্রথম প্রকাশ পেল।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052
OPEN 24 HOURS

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

বাংলাদেশ, ভারত বাণিজ্য

টানাপোড়নে ক্ষতিগ্রস্ত কারা?



ঢাকা ডেস্ক: বাংলাদেশে বিদেশিদের নিয়ে বিনিয়োগ সম্মেলন চলাকালে গত ৮ই এপ্রিল হুট করে দুই দেশের মধ্যকার ট্রান্সশিপমেন্ট চুক্তি বাতিলের ঘোষণা দেয় ভারত। ফলে ভারতীয় বন্দর ব্যবহার করে তৃতীয় দেশে পণ্য রপ্তানির সুবিধা হারায় বাংলাদেশ। অন্যদিকে গত মঙ্গলবার ভারত থেকে স্থলবন্দর দিয়ে সুতা আমদানি বন্ধ করেছে বাংলাদেশ। এতদিন বেনাপোল, ভোমরা, সোনামসজিদ, বাংলাবান্ধা, বুড়িমারী স্থলবন্দর দিয়ে সুতা আমদানির সুযোগ ছিল। প্রশ্ন উঠেছে, বাংলাদেশ-ভারতের বাণিজ্যে টানাপোড়নে, ক্ষতিগ্রস্ত কারা? আর লাভবান হচ্ছে কারা? প্রতিবেশী দেশের এমন একতরফা পদক্ষেপকে অস্বাভাবিক বলে মনে করছেন খাত সংশ্লিষ্টরা।

যদিও বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেছেন, ভারত হঠাৎ করে ট্রান্সশিপমেন্ট বাতিল করলেও বাংলাদেশের সমস্যা হবে না। তবে ভারতের ট্রান্সশিপমেন্ট বাতিলে বাংলাদেশি পণ্য পরিবহন খরচ দুই হাজার কোটি টাকা বেড়েছে। আমরা যেসব পদক্ষেপ নিচ্ছি তাতে এ খরচ শূন্যের কোঠায় নামিয়ে একসময় মাইনাস টাকায়ও নিতে পারবো। বাণিজ্য উপদেষ্টা বলেন, বিভিন্ন খাতের ব্যবসায়ীদের সঙ্গে কথা হয়েছে। নিজস্ব ব্যবস্থাপনায় আমরা সংকট কাটানোর চেষ্টা করবো।

অবশ্য ট্রান্সশিপমেন্ট বাতিল ইস্যুতে বৃহস্পতিবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, ভারতের বন্দরগুলোতে যানজট তৈরি হচ্ছে। ওই জট কাটাতেই এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ট্রান্সশিপমেন্ট হলো- এমন একটি আন্তর্জাতিক বাণিজ্যিক প্রক্রিয়া, যেখানে একটি দেশ তার পণ্য সরাসরি গন্তব্য দেশে না পাঠিয়ে মাঝপথে অন্য একটি দেশের বন্দর ব্যবহার করার মাধ্যমে রপ্তানি করে। একই প্রক্রিয়া অনুসরণ করে পণ্য আমদানিও করা হয়। ২০২০ সালের ২৯শে জুন বাংলাদেশ ও ভারতের মধ্যে ট্রান্সশিপমেন্ট চুক্তি হয়। কিন্তু গত ৮ই এপ্রিল একতরফাভাবে সেই চুক্তি বাতিল করে ভারতের সেন্ট্রাল বোর্ড অব ইনডাইরেক্ট ট্যাক্সে অ্যান্ড কাস্টমস (সিবিআইসি)।

কতটা ক্ষতি হবে বাংলাদেশের?

বিশ্লেষকরাও বলছেন, ট্রান্সশিপমেন্ট সুবিধা বন্ধ হওয়ায় বাংলাদেশের তেমন কোনো সমস্যা হবে না। কারণ, বাংলাদেশ এই সুবিধা খুব বেশি ব্যবহার করতো না। তাছাড়া, বাংলাদেশ ভারতের ভূখণ্ড ব্যবহার করে নেপাল ও ভুটানেই বেশি পণ্য রপ্তানি করে। ভারত বলেছে, এই দুই দেশে পণ্য রপ্তানিতে ট্রান্সশিপমেন্ট বাতিলের প্রভাব পড়বে না। মূলত, ভারতের বিমানবন্দর ব্যবহার করে ইউরোপ-আমেরিকায় তৈরি পোশাকসহ 'সামান্য কিছু পণ্য' রপ্তানি করতো বাংলাদেশ। এখন সেই সুবিধাটুকুই বন্ধ।

কার্গো বন্ধের প্রভাব

ঢাকা থেকে ইউরোপগামী এয়ার কার্গোর স্পট রেট কেজিপ্রতি ৬.৩০ ডলার বেড়ে দাঁড়িয়েছে ৬.৫০ ডলার। যুক্তরাষ্ট্রে পণ্য পাঠাতে এখন কেজিপ্রতি ৭.৫০ থেকে ৮ ডলার গুনতে হচ্ছে, যেখানে ২০২৪ সালের আগস্টে এই রেট ছিল ৬.৯১ ডলার। অন্যদিকে কলকাতা থেকে কেজিতে এই খরচ মাত্র ৪ ডলার এবং মালদ্বীপ থেকে ৩.৫০ ডলার। রপ্তানিকারকদের এখন বাড়তি চার্জও গুনতে হচ্ছে। এসব চার্জের মধ্যে রয়েছে গ্রাউন্ড হ্যান্ডলিংয়ের জন্য কেজিতে ২.৫০ টাকা, স্ক্যানিংয়ের জন্য কেজিতে ২ টাকা, আর ওয়্যারহাউজ স্টোরেজের ভাড়ার জন্য কেজিতে দৈনিক ২৫ পয়সা।

টিএডি গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক আশিকুর রহমান তুহিন বলেন, ব্যবসা পরিচালনার খরচ বেড়ে যাবে, লিড টাইম বাড়বে, এবং আমাদের প্রতিযোগিতা সক্ষমতা কমে আসবে।

বাংলাদেশ গার্মেন্টস এক্সেরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের (বিজিএপিএমইএ) সভাপতি মো. শাহরিয়ার বলেন, ইইউতে কেজিতে প্রায় ৬ ডলার খরচে পণ্য পাঠাতে পারছেন। কিন্তু ফরোয়ার্ডাররা জানিয়েছেন, খরচ আরও বাড়বে। সরকার যদি অবিলম্বে বাড়তি কার্গো সার্ভিস চালু না করে এবং বিমানবন্দরের জট না কাটায়, প্রধান বাজারগুলো থেকে আমরা ছিটকে পড়বো।

কারা লাভবান আর কারা ক্ষতিগ্রস্ত?

মিথ্যা ঘোষণা দিয়ে সুতা আনা বন্ধ হবে। এতে স্থানীয় শিল্প সুরক্ষা পাবে। আবার ভারত থেকে সমুদ্রপথে সুতা আমদানি করলে আর্থিকভাবে লাভ হবে। আবার স্থলপথের চেয়ে সমুদ্রপথে সময় খুব বেশি লাগবে না।

ভারত থেকে সুতা আমদানিতে মিথ্যা ঘোষণা ও কম মূল্যে সুতা রপ্তানির অভিযোগ করেছেন বাংলাদেশের বস্ত্র খাতের ব্যবসায়ীরা। অর্থাৎ স্থলসীমান্তে বাংলাদেশ কাস্টমসে যে পরিমাণ সুতা আমদানির কথা বলা হয়, এর চেয়ে বেশি সুতা দেশে আসে। লোকবলের অভাবে সশরীরে পরিদর্শন করার সক্ষমতা কম কাস্টমস কর্তৃপক্ষের। এই সুযোগে ৩০ কাউন্টের সুতার চালানের ভেতরে ৮০ কাউন্টের সুতা আনার অভিযোগও আছে।

সুতার সূক্ষ্মতা ও স্থূলতা পরিমাপ হয় কাউন্ট দিয়ে। কিন্তু বাংলাদেশের স্থলবন্দরে সুতার সূক্ষ্মতা ও স্থূলতা মাপার পর্যাপ্ত যন্ত্রপাতি নেই। কয়েক বছর আগে বেনাপোল স্থলবন্দরে সুতার সূক্ষ্মতা ও স্থূলতা পরিমাপের জন্য যন্ত্রপাতি বসালেও দুই মাসের মাথায় তা অকেজো হয়ে যায়।

জানা গেছে, ভারতের কর্ণাটক, তামিলনাড়ু ও গুজরাট থেকে বাংলাদেশে সুতা আসে। সড়কপথে সুতা আসতে ১০-১২ দিন সময় লাগে। অন্যদিকে, চেন্নাই সমুদ্রবন্দর থেকে চট্টগ্রাম বন্দর পর্যন্ত আসতে সময় লাগে দুই সপ্তাহের মতো। আর সমুদ্রপথে পণ্য এলে তিন-চারদিন বেশি সময় লাগে। কিন্তু জাহাজে সুতা আনলে ভাড়া ১০ শতাংশ কম পড়ে।

ভারত হয়ে কতো কার্গো যেতো?

ফ্রেইট ফরওয়ার্ডার ও পোশাক রপ্তানিকারকদের তথ্যমতে, বাংলাদেশের সাপ্তাহিক এয়ার কার্গোর প্রায় ১৮ শতাংশ, অর্থাৎ প্রায় ৬০০ টন, ভারতের বিমানবন্দর দিয়ে পরিবাহিত হতো। ২০২৪ সালের জানুয়ারি থেকে ২০২৫ সালের মার্চ পর্যন্ত ৪৬২ মিলিয়ন ডলার মূল্যের ৩৪ হাজার ৯০০ টনের বেশি পোশাকপণ্য ভারত হয়ে যুক্তরাষ্ট্র, স্পেন, ইতালি, জার্মানি, ফ্রান্স, জাপান ও দক্ষিণ কোরিয়াসহ ৩৬টিরও বেশি দেশে পাঠানো হয়।

বাংলাদেশের কার্গো হ্যান্ডলিং ক্ষমতা

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আমদানি-রপ্তানি কার্গো হ্যান্ডলিংয়ের সক্ষমতা সীমিত। ২০২৪ সালে এই বিমানবন্দরে প্রায় ২ লাখ টন রপ্তানি পণ্য এবং প্রায় ৫০ হাজার টন আমদানি পণ্য প্রক্রিয়াজাত হয়। এসব পণ্য বহনকারী প্রধান এয়ারলাইনের মধ্যে রয়েছে- এমিরেটস এয়ারলাইন্স, কাতার এয়ারওয়েজ, টার্কিশ, সৌদিয়া, ইতিহাদ ও বিমান বাংলাদেশ। আন্তর্জাতিক ফ্লাইট কম এবং কার্গো চাহিদা কম থাকায় দেশের বাকি দু'টি আন্তর্জাতিক বিমানবন্দর- সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর ও চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর-নগণ্য পরিমাণ কার্গো হ্যান্ডলিং করেছে।

সমাধান কিভাবে?

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাবেক পরিচালক কাজী ওয়াহিদুল আলম মনে করেন, দ্রুততম সমাধান নির্ভর করছে ঢাকা বিমানবন্দরের থার্ড টার্মিনাল চালু করা এবং স্বল্পমেয়াদে কোনো তৃতীয় পক্ষের অপারেটরকে নিয়োগ দিয়ে চট্টগ্রাম বিমানবন্দরকে কার্গো হ্যান্ডলিংয়ের উপযুক্ত করে তোলা। তিনি বলেন, থার্ড টার্মিনাল পুরোপুরি চালু হলে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো হ্যান্ডলিং সক্ষমতা তিন গুণ হয়ে বছরে ৫.৪৭ লাখ টনে উন্নীত হতে পারে। ঢাকা বিমানবন্দরের তিনটি স্ক্যানিং মেশিনের মধ্যে একটা প্রায় সবসময়ই অকেজো থাকে। মেশিনটি জরুরি ভিত্তিতে ঠিক করা দরকার।

উল্লেখ্য, স্থলবন্দর দিয়ে সুতা আমদানি বন্ধ করার দাবি অনেক দিনের। গত ফেব্রুয়ারি মাসে দেশে স্থলবন্দর দিয়ে ভারত থেকে অন্যতম বস্ত্র খাতের অন্যতম কাঁচামাল সুতা আমদানি বন্ধের দাবি জানায় বস্ত্রশিল্পমালিকদের সংগঠন বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ)।

ট্রাম্প প্রশাসনের একাধিক 'অভিবাসী ডিপোর্ট প্রক্রিয়া' আদালতে স্থগিত!

প্রথম পৃষ্ঠার পর

ডিপোর্টেশন বন্ধ করে দিয়েছে সুপ্রিম কোর্ট। এদিকে হাজারো অভিবাসীকে দ্রুত তাঁদের নিজ দেশ ছাড়া অন্য দেশে বিতাড়িত করতে ট্রাম্প প্রশাসনকে নির্দেশ দেওয়া থেকে বিরত থাকার আদেশ দিয়েছেন যুক্তরাষ্ট্রের একটি ডিস্ট্রিক্ট আদালতের বিচারক। এছাড়া জন্মসূত্রে নাগরিকত্ব বন্ধের বিষয়ে সুপ্রিমকোর্টে শুনানী হবে আগামী ১৫ মে। শুনানীর তারিখ পর্যন্ত জন্মসূত্রে নাগরিকত্বের বিষয়ে নতুন কোন সিদ্ধান্ত বাস্তবায়নে সাময়িক স্থগিত রাখার নির্দেশ দেয়া হয়।

জানা গেছে, শনিবার সুপ্রিম কোর্ট একটি সংক্ষিপ্ত আদেশে ট্রাম্প প্রশাসনকে নির্দেশ দিয়েছে যে "আদালতের পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্তচ ক্লবোননেট ডিটেনশন সেন্টারে বন্দী ভেনিজুয়েলানদের বহিষ্কার করা যাবে না।

তবে এ আদেশে বিচারপতি ক্লারেন্স থ মাস এবং স্যামুয়েল আলিটো ভিন্নমত পোষণ করেন।

এপি জানায়, টেক্সসে আটক সন্দেহভাজন গ্যাং সদস্যদের যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়া আটকাতে আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের (এসিএলইউ) করা মামলায় শনিবার যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ আদালত এ নির্দেশ দেয়।

আদালত আগে এ সন্দেহভাজন গ্যাং সদস্যদের বিতাড়নের আগে বিচারবিভাগীয় পর্যালোচনার নির্দেশ দিয়েছিল। কিন্তু ওই পর্যালোচনা ছাড়াই কয়েক ডজন অভিবাসী বিতাড়নের মুখোমুখি হতে যাচ্ছে, এমনটা আশঙ্কা করে এসিএলইউর আইনজীবীরা সুপ্রিম কোর্টকে এ প্রক্রিয়ায় হস্তক্ষেপ করার অনুরোধ করে।

এরপরই আদালত সন্দেহভাজন এ গ্যাং সদস্যদের বিতাড়ন 'পরবর্তী নির্দেশনা' না দেওয়া পর্যন্ত বন্ধ রাখতে বলে।

বার্তা সংস্থা রয়টার্স বলছে "আদালতের পরবর্তী আদেশ পর্যন্ত আটক এই সন্দেহভাজন শ্রেণির কাউকে যুক্তরাষ্ট্র থেকে বিতাড়ন না করতে সরকারকে বলা হচ্ছে," সংক্ষিপ্ত আদেশে সুপ্রিম কোর্ট এমনটাই জানায়। বিস্তারিত পর্যালোচনার পর আটকদের পক্ষে করা এসিএলইউ-র আবেদন যেন আনুষ্ঠানিকভাবে প্রত্যাখ্যান করা হয়, সেজন্য শনিবার বিকালে জমা দেওয়া এক প্রতিক্রিয়ায় ট্রাম্প প্রশাসন বিচারকদের প্রতি অনুরোধও জানিয়েছে।

ট্রাম্প প্রশাসন ভেনেজুয়েলার গ্যাং সদস্যদের বের করে দিতে ১৭৯৮ সালের 'বহিঃশত্রু আইনকে' ব্যবহার করছে। যুক্তরাষ্ট্র কোনও দেশের সঙ্গে যুদ্ধাবস্থায় থাকলে বা কোনও দেশ যুক্তরাষ্ট্রে আগ্রাসন চালালে কিংবা আগ্রাসনের হুমকি দিলে তখন ব্যবহারের জন্য এই আইনটি করা হয়েছিল।

যুদ্ধকালীন এ আইনের আওতায় একজন প্রেসিডেন্ট কাগজপত্রহীন অভিবাসীদের টার্গেট করা এবং তাদেরকে দ্রুত ফেরত পাঠানোর বিপুল ক্ষমতা পেয়ে যান।

কিন্তু বর্তমানে যুক্তরাষ্ট্র কোনও যুদ্ধের মধ্যে বা হুমকির মুখে নেই। এমন একটি শান্তিপূর্ণ সময়ে ট্রাম্প প্রশাসনের যুদ্ধকালীন আইন ব্যবহার করতে চাওয়ার সমালোচনা করেছে নাগরিক অধিকার নিয়ে কাজ করা বিভিন্ন সংগঠন।

ট্রাম্প এই আইন ব্যবহার করে অভিবাসন আইনকে পাশ কাটাতে চাইছেন এবং গণহারে অভিবাসী বিতাড়ন করতে চাইছেন বলে অভিযোগ করেছে তারা। তবে ভেনেজুয়েলার গ্যাং 'ট্রেন দে আরাগুয়া'-র সন্দেহভাজন সদস্যদের বের করে দিতে ট্রাম্প প্রশাসনের যুক্তি, এই গ্যাংটি যুক্তরাষ্ট্রজুড়ে অপহরণ, চাঁদাবাজি, হত্যাকাণ্ডসহ সংঘবদ্ধ অপরাধ চালাচ্ছে।

ট্রাম্পের প্রশাসনের এক ঊর্ধ্বতন কর্মকর্তার বরাত দিয়ে সিবিএস নিউজ জানিয়েছে, এ বছরের ৮ এপ্রিল পর্যন্ত যে ২৬১ ভেনেজুয়েলীয়কে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়া হয়েছে, তার মধ্যে ১৩৭ জনের ক্ষেত্রেই ব্যবহার করা হয়েছে 'বহিঃশত্রু আইন'।

অপরদিকে যুক্তরাষ্ট্রে অবৈধ অভিবাসীকে দ্রুত তাঁদের নিজ দেশ ছাড়া অন্য দেশে বিতাড়িত করতে ট্রাম্প প্রশাসনকে নির্দেশ দেওয়া থেকে বিরত থাকার আদেশ দিয়েছেন যুক্তরাষ্ট্রের একটি ডিস্ট্রিক্ট আদালতের বিচারক। যুক্তরাষ্ট্র থেকে বিতাড়িত হওয়ার পর নিজ দেশে ফিরে গেলে নিপীড়ন ও নির্যাতনের শিকার হওয়া বা প্রাণ হারানোর ঝুঁকির বিষয়ে অভিবাসীদের কোনো কথা বলার সুযোগ দিচ্ছে না ট্রাম্প প্রশাসন। এ অবস্থায় গত শুক্রবার যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট বিচারক ব্রায়ান মারফি ট্রাম্প প্রশাসনের ওই পরিকল্পনার ওপর নিষেধাজ্ঞা আরোপ করেন।

ট্রাম্প দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় আসার পর অভিবাসীদের বিরুদ্ধে কঠোর সব নীতিমালা গ্রহণ করছেন। প্রেসিডেন্ট ট্রাম্পের অভিবাসনবিরোধী পরিকল্পনায় এটি একটি নতুন প্রতিবন্ধকতা।

এর আগে গত মাসে বোস্টনভিত্তিক একজন বিচারক ট্রাম্প প্রশাসনের বিতাড়ন প্রক্রিয়া দ্রুত করার পরিকল্পনার ওপর অস্থায়ীভাবে নিষেধাজ্ঞা জারি করেছিলেন, যেন প্রশাসনের অভিবাসীদের অপসারণের ক্ষমতা বাধাগ্রস্ত হয়।

যেসব অভিবাসীর কিছু ক্ষেত্রে আইনি সুরক্ষা পাওয়ার অধিকার আছে, তাঁদের নিজ দেশে ফেরত পাঠানো থেকে প্রশাসনকে বিরত রাখতে ওই নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। শুক্রবার নিষেধাজ্ঞা ওই আদেশকে বহাল রাখতে জারি করা হয়েছে। মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অভিবাসী বিতাড়নের পরিকল্পনার ওপর এ নিষেধাজ্ঞা জারি থাকবে।

যুক্তরাষ্ট্রে যখন সরকারের কোনো নীতিমালা আদালতে চ্যালেঞ্জের মুখে পড়ে, তখন ফেডারেল বিচারকেরা যে আদেশ দেন, তা প্রায়ই দেশজুড়ে কার্যকর হয়।

আদালতের এসব সিদ্ধান্ত দেশজুড়ে কার্যকর করা বাধাগ্রস্ত করতে ট্রাম্প প্রশাসন এর আগে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের কাছে আবেদন করেছিল। ট্রাম্প প্রশাসনের আবেদন ছিল, যাঁদের আবেদনের ভিত্তিতে আদালত এমন সিদ্ধান্ত দেন, শুধু তাঁদের ওপরই তা কার্যকর করা হোক।

বিচারক ব্রায়ান মারফি বলেছেন, 'আদালত মনে করছেন, এসব বিতাড়ন ভুলভাবে হয়েছে অথবা ভুলভাবে করা হবে। উল্লেখ করার মতো যেসব ক্ষতির সম্মুখীন বাদীরা হতে পারেন, সে বিষয়ে তাঁদের কিছু বলার কোনো সুযোগ দেওয়া হয় না।'

এ বিষয়ে মন্তব্যের জন্য যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি দপ্তরের সঙ্গে যোগাযোগ করা হলে তাৎক্ষণিকভাবে কোনো সাড়া পাওয়া যায়নি।

হিউম্যান রাইটস ফার্স্টের অ্যানওয়েন হিউস বলেছেন, যাঁদের তৃতীয় কোনো দেশে বিতাড়ন করা হয়েছে, তাঁদের অনেকে শরণার্থী এবং তাঁদের নিজ দেশে ফেরত না পাঠানোর সুরক্ষা দেওয়া হয়েছে। নিজ দেশে গেলে তাঁরা নির্যাতন ও নিপীড়নের শিকার হতে পারেন। ট্রাম্প প্রশাসনের দ্রুত বিতাড়নের বিরুদ্ধে যাঁরা আদালতে গেছেন, হিউস তাঁদের পক্ষের একজন আইনজীবী।

২০২৩ অর্থবছরে যুক্তরাষ্ট্রে ১ হাজার ৭৬৯ জন আদালতের চূড়ান্ত আদেশে তাঁদের নিজ দেশে ফেরত পাঠানোর বিরুদ্ধে সীমিত সুরক্ষা পাওয়ার নিশ্চয়তা পান। নিজ দেশে ফেরত পাঠালে তাঁদের জীবন ও স্বাধীনতা হুমকির মুখে পড়তে পারে অথবা সেখানে নিপীড়নের শিকার হওয়ার ঝুঁকি রয়েছে।

এ বছর ফেব্রুয়ারিতে হোমল্যান্ড সিকিউরিটি দপ্তর অভিবাসন কর্মকর্তাদের এ ধরনের সুরক্ষা পাওয়া ব্যক্তিদের মামলা পর্যালোচনার করার নির্দেশ দিয়েছে ও তাঁদের পুনরায় আটক করে তৃতীয় কোনো দেশে পাঠানো যায় কি না, তা দেখতে বলেছে।

লন্ডনে বিয়েতে একসঙ্গে আ.লীগের সাবেক চার মন্ত্রী-প্রতিমন্ত্রী

শেষ পৃষ্ঠায় পর হাবিবুর রহমান হাবিবও এই বিয়ের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

গত বছরের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাবেক চার মন্ত্রী-প্রতিমন্ত্রীকে এই প্রথম একসঙ্গে কোনো অনুষ্ঠানে দেখা গেল। এর আগে গত বছরের ৮ ডিসেম্বর লন্ডনে শেখ হাসিনার ভার্চুয়াল সমাবেশে প্রথমবারের মতো প্রকাশ্যে দেখা যায় সভাপতিমণ্ডলীর সদস্য ও সাবেক মন্ত্রী আবদুর রহমান এবং সিলেট জেলা আওয়ামী লীগের সভাপতি শফিকুর রহমান চৌধুরীকে।

এ বছরের ২ ফেব্রুয়ারি লন্ডনে আওয়ামী লীগের কর্মিসমাবেশে দেখা যায় সাবেক প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীকে। ৩০ মার্চ লন্ডনে ঈদের জামাতে প্রকাশ্যে আসেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। আগে থেকে গুঞ্জন ছিল তিনি বেলজিয়ামে ছিলেন। লন্ডনে অধ্যয়নরত ছেলের সঙ্গে ঈদ করতে তিনি লন্ডনে আসেন।

আওয়ামী লীগ নেতার ছেলের বিয়েতে সাবেক মন্ত্রীদের উপস্থিতিতে উষ্মা প্রকাশ করতে দেখা যায় যুক্তরাজ্য আওয়ামী লীগের নেতা-কর্মীদের। নাম প্রকাশে অনিচ্ছুক যুক্তরাজ্য যুবলীগের এক নেতা বলেন, দেশে আওয়ামী লীগ ও বিভিন্ন অঙ্গসংগঠনের লাখ লাখ নেতা-কর্মীকে বিপদের মুখে ফেলে পালিয়ে এসে তাঁরা কীভাবে এসব অনুষ্ঠানে অংশগ্রহণ করেন, তা ভাবতেও লজ্জা লাগে।









ওজনপার্ক ও ব্রুকলিনের প্রাণকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতিত্বের এডিনিইর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল
